



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক,  
ঢাকা-১০০০।  
প্রত্যয়ন-১ শাখা  
www.molwa.gov.bd



নম্বর: ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০

৩১ আগস্ট ২০২৩

পরিপত্র

বিষয়: মুক্তিযোদ্ধা কোটায় চাকুরীতে নিয়োগ, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও অন্যান্য সুবিধা প্রাপ্তির প্রমাণক যাচাই/প্রত্যয়ন সংক্রান্ত।

বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের বিভিন্ন মন্ত্রণালয়, প্রতিষ্ঠান, সংস্থা, বিশ্ববিদ্যালয়ে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ, ভর্তি, ব্যাংক ঋণ, চিকিৎসা সেবাসহ অন্যান্য সুবিধা প্রাপ্তির বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website [www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)- ও তে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর Website <https://bffwt.gov.bd> তে প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রকাশিত টিএমআইএস এ প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসাবে বিবেচিত।

০২। এ কারণে সমন্বিত তালিকা যাচাই করে মুক্তিযোদ্ধা হিসাবে স্বীকৃত হয়ে থাকলে পরবর্তী কার্যক্রম স্ব-স্ব প্রশাসনিক মন্ত্রণালয় বিবেচনা করবে।

০৩। তবে, সে ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ অর্থাৎ ১৯৭১ সালের ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬ মাস কিংবা তার পূর্বে হতে হবে।

০৪। উপর্যুক্ত বর্ণনা মোতাবেক কোন প্রকার অস্পষ্টতা দেখা দিলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, দপ্তর, অধিদপ্তর, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃপক্ষ এ মন্ত্রণালয়ে পত্রালাপ করতে পারবে।

০৫। ইতোপূর্বে জারিকৃত পরিপত্র এ মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর-৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫; তারিখ-১৮.১০.২০২০ ও এ মন্ত্রণালয়ের বয়স সংক্রান্ত সংশোধিত পরিপত্র নম্বর-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫; তারিখ-১৭.০১.২০১৮ এ মন্ত্রণালয়ের আগস্ট ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার ০২ নম্বর সিদ্ধান্ত অনুযায়ী রদ ও রহিতক্রমে প্রত্যাহার করা হলো।

০৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

৩১-৮-২০২৩

আসিফ মাহমুদ

উপ-সচিব

ফ্যাক্স: ২২৩৩৫৫৪৭৭

ইমেইল:

dscertificate@molwa.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) পিএসও (চলতি দায়িত্ব), প্রিন্সিপাল স্টাফ অফিসার্স (পিএসও'স) অফিস, সশস্ত্র বাহিনী বিভাগ
- ৪) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৫) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
- ৬) জেলা প্রশাসক (সকল)
- ৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৮) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব(উন্নয়ন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৯) যুগ্ম সচিব (গেজেট, প্রত্যয়ন ও সনদ) অধিশাখা, অতিরিক্ত সচিব (গেজেট, প্রত্যয়ন ও সনদ)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ১০) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ১২) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১৩) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বর্ণিত তালিকার প্রজ্ঞাপনটি গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ ১০ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।